

🔳 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১:১৪

আরবি মূল আয়াত:

🗚 অনুবাদসমূহ:

বলা হবে, 'তোমাদের আযাব আস্বাদন কর, এটিতো 'তোমরা ত্বরান্বিত করতে চেয়েছিলে।' — আল-বায়ান (তাদেরকে বলা হবে) তোমরা তোমাদের (কৃতকর্মের) শান্তি ভোগ কর, এটা হচ্ছে তাই যার জন্য তোমরা তাড়াহুড়া করছিলে। — তাইসিরুল

এবং (বলা হবে) তোমরা তোমাদের শাস্তি আস্বাদন কর, তোমরা এই শাস্তিই ত্বরাম্বিত করতে চেয়েছিলে। — মুজিবুর রহমান

[And will be told], "Taste your torment. This is that for which you were impatient." — Sahih International

- ১৪. বলা হবে, তোমরা তোমাদের শাস্তি(১) আস্বাদন কর, তোমরা এ শাস্তিই তরাম্বিত করতে চেয়েছিলে।
 - (১) পবিত্র কুরআন এখানে ক্রাট্রশব্দটি ব্যবহার করেছে। এখানে ফিতনা শব্দটি দু'টি অর্থ প্রকাশ করছে। একটি অর্থ হচ্ছে, নিজের এ আযাবের স্বাদ গ্রহণ করো। অপর অর্থটি হচ্ছে, তোমরা পৃথিবীতে যে বিভ্রান্তির ধূমজল সৃষ্টি করে রেখেছিলে তার স্বাদ গ্রহণ করো। আরবী ভাষায় এ শব্দটির এ দু'টি অর্থ গ্রহণের সমান অবকাশ আছে।
 [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (১৪) (এবং বলা হবে,) তোমরা তোমাদের শাস্তি[1] আস্বাদন কর। এটা তো তাই, যার জন্য তোমরা তাড়াতাড়ি করছিলে।
 - [1] فُتْنَةٌ এর অর্থ শাস্তি বা আগুনে দগ্ধ হওয়া।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4689

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন